

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৫নং বড়শশী ইউনিয়ন পরিষদ কার্যালয়
উপজেলাঃ বোদা, জেলাঃ পঞ্চগড়।

স্মারক নং- ইউ,পি/বড়শশী/ ২০২৩/-৯০০

তারিখ-৩০/০৫/২০২৩ইং

প্রেরকঃ চেয়ারম্যান,
৫নং বড়শশী ইউনিয়ন পরিষদ,
বোদা, পঞ্চগড়।

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার,
বোদা, পঞ্চগড়।

বিষয় : ২০২২-২০২৩ ইং অর্থ বছরের ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল(২য় কিস্তি) এর আওতায় স্কিমের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাইতেছে যে, ৫নং বড়শশী ইউনিয়নের ৩০/০৫/২০২৩ইং তারিখে সভায় ২০২২-২০২৩ইং অর্থ বছরের ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল(বিবিজি ২য় কিস্তি) এর স্কিমের তালিকা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল।

সংযুক্তিঃ

১। সভার কার্যবিবরণী ০২(দুই) পাতা।

স্বাক্ষরিত
(আব্দুর রহিম)
চেয়ারম্যান
৫নং বড়শশী ইউনিয়ন পরিষদ,
বোদা, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৫নং বড়শাশী ইউনিয়ন পরিষদ কার্যালয়
উপজেলাঃ বোদা, জেলাঃ পঞ্চগড়।

স্মারক নং-

৫নং বড়শাশী ইউ,পি'র ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল অধিবেশনের (অনুলিপি)

স্থান : ৫নং বড়শাশী ইউনিয়ন পরিষদ অফিস কক্ষ

তারিখ : ৩০/০৫/২০২৩ইং

সময় : সকাল ১০.০০ ঘটিকা

ক্রমিক নং	উপস্থিত সদস্যবৃন্দের নাম	পদবী	স্বাক্ষর
১	আব্দুর রহিম	ইউ,পি চেয়ারম্যান	স্বাক্ষরিত/-
২	মোছাঃ মর্তভান বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	,,
৩	মোছাঃ নাসরিন আক্তার	সংরক্ষিত মহিলা সদস্য	,,
৪	মোছাঃ আয়শা সিদ্দীকা	সংরক্ষিত মহিলা সদস্য	,,
৫	মোঃ জাকির হোসেন প্রধান	ইউ,পি সদস্য	,,
৬	মোঃ তারা মিয়া	ইউ,পি সদস্য	,,
৭	মোঃ আব্দুল ওহাব	ইউ,পি সদস্য	,,
৮	মোঃ গিয়াসউদ্দীন	ইউ,পি সদস্য	,,
৯	মোঃ খালেদ	ইউ,পি সদস্য	,,
১০	মোঃ রবিউল ইসলাম	ইউ,পি সদস্য	,,
১১	মোঃ রবিউল ইসলাম	ইউ,পি সদস্য	,,
১২	মোঃ আব্দুল মোতালেব	ইউ,পি সদস্য	,,
১৩	মোঃ আজিজুল হক	ইউ,পি সদস্য	,,
১৪	মোঃ ইব্রাহিম খলিলুর	সদস্য সচিব	,,

আলোচ্য সূচীঃ-

- ১। গত অধিবেশনের মন্তব্য সমূহের পূর্ণঃ গঠন ও অনুমোদন করণ প্রসঙ্গে।
- ২। ২০২২-২০২৩ইং অর্থ বছরের ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় ২য় পর্যায়ে স্কীম গ্রহন প্রসঙ্গে।
- ৩। বিবিধ।

অধ্যকার সভায় জনাব আব্দুর রহিম চেয়ারম্যান সাহেবকে সভাপতি করিয়া সভার কাজ শুরু করা হইল।

১নং আলোচ্য বিষয়ঃ অধ্যকার সভায় গত অধিবেশনের মন্তব্য সমূহ পাঠ করা হইল এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন করা হইল।

২নং আলোচ্য বিষয়ের আলোকে সভাপতি মহোদয় বলেন যে, অত্র ৫নং বড়শশী ইউনিয়নের ২০২২-২০২৩ইং অর্থ বছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় বিবিজি এর ২য় কিস্তি বাবদ = ৮,৬৯,২০০/- (আট লক্ষ উনসত্তর হাজার দুইশত) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকার স্কিম ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর অপারেশনাল ম্যানুয়েল অনুযায়ী ওয়ার্ড সভার আলোকে গ্রহণ করার নির্দেশনা রয়েছে। সেই মোতাবেক অপারেশনাল ম্যানুয়েল অনুযায়ী ওয়ার্ড সভার মাধ্যমে বাছাইকৃত নিম্নোক্ত স্কিমসমূহ সভায় সভাসদগণ অগ্রাধিকার ভিত্তিক অনুমোদন করেন।

ক্রঃ নং	স্কিমের নাম	স্কিমের ধরন	প্রাক্কলিত ব্যয়	ওয়ার্ড কমিটির সভাপতির নাম	মন্তব্য
০১	১নং ওয়ার্ডে ডিহা পাড়া প্রমেশ্বরের বাড়ীর পূর্বে রাস্তায় কালভার্ট নির্মান।	যোগাযোগ	১,৫০,০০০/-	মোঃ জাকির হোসেন প্রধান	বিবিজি
০২	১নং ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় আরসিসি রিং পাইপ স্থাপন।	যোগাযোগ	১,০০,০০০/-	মোঃ জাকির হোসেন প্রধান	বিবিজি
০৩	২নং ওয়ার্ডে বদেশ্বরী সরকার পাড়া আরিফুলের বাড়ীর পূর্বে রাস্তায় কালভার্ট নির্মান।	যোগাযোগ	১,৫০,০০০/-	মোছাঃ মর্ত্তভান বেগম	বিবিজি
০৪	২নং ওয়ার্ডে বিভিন্ন রাস্তায় আরসিসি রিং পাইপ স্থাপন।	যোগাযোগ	১,০০,০০০/-	মোছাঃ মর্ত্তভান বেগম	বিবিজি
০৫	৩নং ওয়ার্ডে সরকার পাড়া সপিকুলের বাড়ীর পশ্চিমে রাস্তায় কালভার্ট নির্মান।	যোগাযোগ	১,১৯,২০০/-	মোঃ আব্দুল ওহাব	বিবিজি
০৬	৩নং ওয়ার্ডে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চ-নিচু বেঞ্চ সরবরাহ।	শিক্ষা	২,৫০,০০০/-	মোঃ আব্দুল ওহাব	বিবিজি
		সর্বমোট=	৮,৬৯,২০০/-		

উক্ত বিষয়গুলো দীর্ঘক্ষন ধরিয়৷ আলোচনা পর্যালোচনা করিয়া দ্রুত বিজিসিসি সভায় অনুমোদনের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসার, বোদা বরাবরে তালিকা প্রেরণের জন্য সভাসদগণ সভাপতি মহোদয়কে সকলে অনুরোধ জানান।

সভায় আর কোন বিবিধ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত
(সভাপতি)
(আব্দুর রহিম)
চেয়ারম্যান
৫নং বড়শশী ইউনিয়ন পরিষদ,
বোদা, পঞ্চগড়।